# Exam Approach-এ

# ক্যামব্রিজ

# IELTS 14

## (Academic) Passage-এর

## ব্যতিক্রমী ব্যাখ্যাসহ যুগান্তকারী সমাধান

Recent Bazar


**Saifur Rahman Khan**

01713 43 20 02 ( SMS-এর জন্য )

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** ➢ **2025**

**Published By** ➢ **S@ifur's Publication**

**Copyright ©** ➢ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16
**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

## Compose & Design

Md. Al-Mamun Ferdous

**Price: Tk. 200 (Fixed)**

Recent Bazar

# Contents

## Test-1

Passage # 01 : The Importance of Children's Play .................................. 04
Passage # 02 : The growth of bike-sharing schemes around the world ......... 12
Passage # 03 : Motivational factors and the hospitality industry .......... 19

## Test-2

Passage # 01 : Alexander Henderson (1831-1913) ................................ 34
Passage # 02 : Back to the future of skyscraper design ......................... 42
Passage # 03 : Why Companies should welcome disorder .................... 48

## Test-3

Passage # 01 : The concept of intelligence ........................................... 64
Passage # 02 : Saving bugs to find new drugs ...................................... 71
Passage # 03 : The power of play ......................................................... 83

## Test-4

Passage # 01 : The secret of staying young .......................................... 96
Passage # 02 : Why zoos are good ....................................................... 106
Passage # 03 : Chelsea Rochman, an ecologist at the … ........................ 120

Recent Bazar

## এই বই পড়ার নিয়ম

তার মানে,

**এই বই থেকে আপনি সবচেয়ে বেশি benefited হবেন,**

যদি আপনি নিচের ৩-টি কাজ করেন:

১। actual পরীক্ষার মতো ঘড়িতে সময় ধরে **Cambridge-14** (Academic) Test-এর Reading Module-টি solve করে Answer-গুলো লিখুন।

২। এর পরে **Cambridge-14**-এর শেষে দেয়া answer-গুলো মিলিয়ে নিজেকে marking করুন। এই mark-এর জন্য আপনার কোনো বন্ধুর দরকার নাই, teacher-এরও দরকার নাই, আপনি নিজেই যথেষ্ট,

কারণ আপনার সাথে আছে দুই কাধের দুই ফেরেস্তা !
তার মানে, আপনি যতই খারাপ করুন কেন,
আপনারটা শুধু আপনিই জানলেন, আর ফেরেস্তারা জানলো !

৩। এবার আপনার আমলনামা কিভাবে আরো ভালো হবে, তা জানতে পরের পৃষ্ঠা থেকে জেনন Method-এ লেখা ব্যাখ্যাগুলো পড়া শুরু করুন। এভাবে প্রতিটি Test-এ একই কাজ করুন। প্রথমে নিজে solve না করে আগেই উত্তর দেখে ফেললে যেমন বেশি লাভ হয় না, তেমনি এই ব্যাখ্যাটা আগেই পড়ে ফেললে আপনার ভুলগুলো আপনি ধরতে পারবেন না। ফলে ঐ ধরনের ভুলগুলো আপনি আসল পরীক্ষাতে আবার করবেন। তাই আগে Test-টা টেস্টের মতো করে দিন, তারপর Marking করুন, পরে ব্যাখ্যা পড়ুন। আল্লাহ হাফেজ

Saifur Rahman Khan

Recent Bazar

# Test-1

## Reading Passage # 01

| এই ব্যাখ্যা পড়ার সময় কেম্ব্রিজ IELTS **14** বইটা নিয়ে বসতে হবে | Exam-approach-এ পুরো ব্যাখ্যাটা লেখা হয়েছে ! |
|---|---|

প্যাসেজের নাম পড়লাম:

### The Importance of Children's Play

**1.** Passage-এর নাম পড়েই বোঝা গেলো "শিশুদের খেলা"-র গুরুত্ব নিয়ে এই প্যাসেজে আলোচনা করা হবে।

**2.** সরাসরি প্রশ্নে যাওয়া যাক :

চোখ বুলিয়ে ২ সেকেন্ডেই বোঝা গেলো
Question # **1** – **8** হলো choose ***ONE*** word ***ONLY*** ধরনের প্রশ্ন।

এগুলো solve করা *comparatively less difficult* কারণ,

এই ধরনের প্রশ্নে এগুলোর উত্তরগুলো passage-এ থাকে পর পর এবং কাছাকাছি।

তাই, Question # **1**-এ চলে গেলাম।

প্রথম দুটো প্রশ্ন **মন দিয়ে** পড়া যাক:

### Children's play

Uses (= ব্যবহারগুলো; উপকারিতাগুলো) of children's play

- building a 'magical kingdom' may help develop **1** _________

Recent Bazar

**3.** এবার passage-এ যেয়ে **মন দিয়ে** প্রথম তিন / চার লাইন পড়লাম:

Brick by brick, six-year-old Alice is building a magical kingdom. Imagining fairy-tale turrets and fire-breathing (ফায়ার-ব্রিদিং = নিঃশ্বাসে আগুন ঝড়ে এমন) dragons, wicked witches and gallant heroes, she's creating an enchanting world.

প্রথম para-তেই পাওয়া গেলো Question # **1**-এর বাক্যের *magical kingdom* শব্দ দুটো।

তাহলে আরেকটু পড়া যাক:

Although she isn't aware of it, this fantasy (কল্পনার জগত) is helping her take her first steps towards her capacity for creativity and so it will have important repercussions (= প্রতিক্রিয়া) in her adult life.

পড়ে সহজেই বোঝা গেল, Question # **1**-এর উত্তর হবে ***creativity*** !

Question # **2** পড়া যাক:

- board games involve **2** __________ and turn-taking (= পালা বদলানো)

উত্তর বের করার জন্য পরের তিন / চার লাইন পড়ে পাওয়া গেলো:

... settle down (সেটেল্ ডাউন্ = স্থির হয়ে বসা) with a board game, she's learning about the need to follow rules and take turns with a partner.

তার মানে, Question # **2**-এর উত্তর ***rules***।

**বোর্ড গেমের উদাহরণ**

লুডুতে কিছু *rules* থাকে এবং একাধিক player বা partner থাকাতে ***turn*** বা পালা নিতে হয় ছক্কাটা ছুঁড়ে মারার জন্য। এটাকেই English-এ বলে *take turns*।

Recent Bazar

এবার Question # **3** পড়া যাক:

**Recent changes** (= পরিবর্তনগুলো) **<u>affecting</u> children's play**

- populations of **3**_______ have grown

তাহলে, বাচ্চাদের *play* কিছু *recent* পরিবর্তন দ্বারা প্রভাবিত হয়েছে।

কিভাবে *affecting* আসলো **?**
Recent changes <u>which affect</u>
= Recent changes <u>affecting</u>

তাহলে, passage-এ ফেরত যাওয়া যাক এবং যেখানে **2**-এর উত্তর ছিলো, তার পরের line থেকে পড়া যাক। পড়তে পড়তে 5th para-র শুরুতেই পাওয়া গেলো:

But we live in changing times, and Whitebread is mindful (সচেতন) of a worldwide decline (ডেক্লাইন্ = হ্রাস) in play, pointing out that over half the people in the world now live in <u>cities</u>.

উপরের লাইন থেকে বোঝাই যাচ্ছে,
Question # **3**-এর উত্তর হবে ***cities***.

Recent Bazar

এখন, Question # **4, 5**, এবং **6** পড়া যাক:

- opportunities for free play are limited due to
  – fear of **4** _______
  – fear of **5** _______
  – increased **6** ________ in schools.

উত্তর বের করার জন্য পরের লাইনগুলো মন দিয়ে পড়ে পাওয়া গেলো:

Outdoor play is curtailed (কার্‌টেইল্‌ = কাট-ছাঁট করে সংক্ষেপ করা) by perceptions of risk to do with traffic, as well as parents' increased wish to protect their children from being the victims of crime, and by the emphasis on 'earlier is better' which is leading to greater competition in academic learning and schools

**বোঝাই যাচ্ছে, উত্তরগুলো হলো:**

– fear of **4** *traffic*
– fear of **5** *crime*
– increased **6** *competition* in schools

**এখন প্রশ্নে যেয়ে পরের Question মন দিয়ে পড়া যাক:**

## International policies on children's play

- it is difficult to find **7** ________ to support new policies

Passage-এ দ্রুত ফেরত যাওয়া যাক। passage-এর যেখানে **5**-এর answer পাওয়া গিয়েছিল, সেই জায়গার পর থেকে পড়া শুরু করা যাক:

International bodies like the United Nations and the European Union have begun to develop policies (which are) concerned (সম্পর্কিত) with children's right to play, and to consider implications for leisure facilities and educational programmes. But what they often lack is the evidence to base policies on.

বোঝাই যাচ্ছে, 7-এর উত্তর হবে ***evidence***

**bodies** অর্থ কী ?

উপরের বাক্যে *International bodies*-এর *bodies* শব্দটার অর্থ এখানে হলো প্রতিষ্ঠানগুলো। এই বাক্যে *bodies* অর্থ যদি মনে করো 'দেহগুলো', তাহলে ১০০% ভুল হবে।

Recent Bazar